EIIN: 139058
# ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর
ফাইয়াজ স্কুল এন্ড কলেজ রোড, দেওডোবা বানিয়াপাড়া,
ওয়ার্ড নং-১৪, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর সদর, রংপুর।
E-mail: faiyazscr@gmail.com, Website: faiyazscr.edu.bd
বিদ্যালয় কোড: ৫৩২৯
কলেজ কোড: -৫২৭৯
মোবাইলঃ +৮৮ ৪৩০১৫১১২
+৮৮ ০১৯৩৩৩৩৯০০০
+৮৮ ০১৭৩৭৯৭৬৭২৫

স্মারক নং- এফ/এস/সি/রং/২০২৬/২৭ তারিখ: ৩১/০৮/২০২৬ ইং

## একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি
## সেশন ২০২৬-২০২৭

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ২৪ আগস্ট ২০২৬ খ্রি. এ প্রকাশিত ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা-২০২৬ ও বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সময় কমিটি এর স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০; তারিখ ২৪/০৮/২০২৬ মোতাবেক অত্র কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

১। ২০২৪, ২০২৫ ও ২০২৬ সালের দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪, ২০২৫ ও ২০২৬ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি নীতিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে যে কোনো কলেজ/সমমানের প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য বিবেচিত হবে।

২। বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর দফা (২.১-ভর্তির নীতিমালা-২০২৬) এর অধীনে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে;

**৩। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা:**

| ক্র: নং | শাখা | যেসব শিক্ষার্থী আবেদন করতে পারবে |
|---|---|---|
| ক | বিজ্ঞান | ❖ এসএসসি বা সমমানের পরীক্ষায় সাধারণ শিক্ষাবোর্ড হতে বিজ্ঞান বিভাগে নুন্যতম জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী;<br>❖ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে বিজ্ঞান বিভাগে নুন্যতম জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী;<br>❖ কারিগরি শিক্ষাবোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) ওদাখিল (ভোকেশনাল) পরীক্ষায় নুন্যতম জিপিএ ২.৫০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী; |
| খ | মানবিক ও ব্যবসায় শিক্ষা | ❖ এসএসসি বা সমমানের পরীক্ষায় সাধারণ শিক্ষাবোর্ড হতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে নুন্যতম জিপিএ ২.০০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী;<br>❖ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির বিভাগ থেকে নুন্যতম জিপিএ ২.০০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী;<br>❖ কারিগরি শিক্ষাবোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় নুন্যতম জিপিএ ২.০০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী; |

**** গ্রুপ পরিবর্তনের মাধ্যমে আবেদন:**

গ্রুপ পরিবর্তনের ক্ষেত্রে: বিজ্ঞান গ্রুপ থেকে মানবিক/ব্যবসায় শিক্ষার জন্য নুন্যতম জিপিএ ২.৫০ এবং মানবিক থেকে ব্যবসায় শিক্ষা অথবা ব্যবসায় শিক্ষা থেকে মানবিক গ্রুপের জন্য নুন্যতম জিপিএ ২.০০ পাওয়া শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

**৪। ভর্তির আসন সংখ্যা:**

| কলেজের নাম | কলেজ কোড | EIIN | আসন সংখ্যা | | | সর্বমোট আসন সংখ্যা | ভার্সন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | বিজ্ঞান | ব্যবসায় শিক্ষা | মানবিক | | |
| ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর | ৫২৭৯ | 139058 | ১৫০ | ১৫০ | ১৫০ | ৪৫০ | বাংলা |

৫। আবেদনের সময়সীমা: অনলাইনে ০২/০৯/২০২৬ হতে ১০/০৯/২০২৬ পর্যন্ত।

৬। পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়ন ফলাফল পরিবর্তীত আবেদনের সময়সীমা: ১২/০৯/২০২৬ হতে ১৩/০৯/২০২৬ পর্যন্ত।

৭। পছন্দক্রম পরিবর্তনের সময়সীমা: ১২/০৯/২০২৬ হতে ১৩/০৯/২০২৬ পর্যন্ত।

৮। আবেদন ফি ২২০/- (দুইশত বিশ) টাকা জমা দেয়ার পর আবেদনকারী কলেজ/সমমানের প্রতিষ্ঠানের পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। নির্ধারিত ওয়েবসাইট (xiclassadmission.gov.bd) এ প্রবেশ করে ভর্তির প্রাথমিক আবেদন আগামী ০২/০৯/২০২৬ হতে ১০/০৯/২০২৬ এর মধ্যে অনলাইনে সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীরা শুধুমাত্র অনলাইন পদ্ধতিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৯। ফলাফল প্রকাশের তারিখ: ১৬/০৯/২০২৬ খ্রি.।

১০। ভর্তি নিশ্চায়ন: নির্বাচিত শিক্ষার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে ৩৪০/- (তিনশত চল্লিশ) টাকা জমা দিয়ে প্রাথমিক নিশ্চায়ন করতে হবে। অন্যথায়, তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

১১। নিশ্চায়নের সর্বশেষ তারিখ: ১৮/০৯/২০২৬ খ্রি.।

১২। মাইগ্রেশনের ফল প্রকাশের তারিখ: ১৯/০৯/২০২৬ খ্রি.।

১৩। প্রতিষ্ঠানে ভর্তি: ২০/০৯/২০২৬ থেকে ২২/০৯/২০২৬ পর্যন্ত।

১৪। ক্লাস শুরু: ২৩/০৯/২০২৬ খ্রি.।

**বি: দ্রঃ মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার কেবলমাত্র পুত্র-কন্যা গ্রহণযোগ্য হবে। নাতি-নাতনি গ্রহণযোগ্য হবে না।**

মোছা: খাদিজা খাতুন
অধ্যক্ষ
ফাইয়াজ স্কুল এন্ড কলেজ, রংপুর